

বঙ্গবাহা

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে স্থাপত্য বিভাগের সেরা নকশা বিজয়ী বনতুলশী

পরিবর্তন প্রতিবেদক ৯:৩৭ অপরাহ্ন, মে ২২, ২০১৮



২০১৭ সালের স্নাতকোত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা ১০ জনকে নকশার জন্য নোমান সার্টিফিকেট দিয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। সেরা ১০ জন থেকে বাছাই করে এবারের বিজয়ী হয়েছেন স্থাপত্য বিভাগের স্নাতকোত্তীর্ণ শিক্ষার্থী দ্বৈত বনতুলশী।

মঙ্গলবার রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়াম ভবন-১ এ স্থাপত্য বিভাগের সামার সেশনের নবীনবরণ অনুষ্ঠানে স্থাপত্য বিভাগের শিক্ষার্থী বনতুলশীকে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

সেরা নকশা বিজয়ী বনতুলশী নকশার নাম দিয়েছেন ‘ছাঁচ নগরী’। এতে তিনি সনাতন ধর্মাবলম্বীদের উৎসব রথযাত্রার বিভিন্ন নকশার কথা তুলে ধরেছেন।

উপস্থাপনা করে স্লাইডের মাধ্যমে তিনি তার নকশার বিভিন্ন খাঁচ দেখান। তিনি তার নকশাটি ধারণ করেছেন ঢাকার সাভারের ধামরাইয়ে রথযাত্রা উৎসবে।



অনুষ্ঠানে অন্য ৯ শিক্ষার্থী হলেন- রায়হান সাদিব আহমেদ, মোহাম্মদ জিল্লুর রহমান, নাজিলা সাবরিন জামান, শাদমান জামান, জান্নাতুল নাহার, নুহা আন নূর পাবনী, তাশিন রেজা আনিকা, নাশিন জাহান নাসির।

সেরা শিক্ষার্থী বাছাই করেছেন ব্র্যাকসহ অন্য বিশ্ববিদ্যালয়ের চারজন শিক্ষক।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ব্র্যাকের স্থাপত্য বিভাগের উপদেষ্টা মাজহারুল ইসলাম, বলকৃষ্ণা দেশী, বেঙ্গল স্থাপত্য বিভাগের প্রধান খালিদ আশরাফ প্রমুখ।